

## সমাধি ভাতার আবেদন M-860w সম্পূর্ণ করার জন্য নির্দেশিকা (Bengali)

### ■ সমাধি দাবির নম্বর

সমাধি পরিষেবার অফিস (Office of Burial Services, OBS) একবার সম্পূর্ণ করা আবেদনপত্র পেয়ে গেলে সমাধি দাবির নম্বরটি নির্ধারণ করা হবে এবং OBS ফর্মের উপরে সেই নম্বরটি লিখে দেবে।

### ■ আজকের তারিখ

### ■ বিভাগ A এবং B

যে ব্যক্তি মারা গেছেন (আবেদনপত্রে মৃত ব্যক্তি যে নামে পরিচিত) তার সাথে সম্পর্কিত সমস্ত তথ্য অনুগ্রহ করে সম্পূর্ণ করুন। মৃত ব্যক্তির বয়স, মৃত্যুর তারিখ, বাসস্থান, বৈবাহিক এবং নির্ভরশীল ও সেনাবাহিনীর স্থিতি দেখানোর জন্য তার সম্বন্ধে আপনার যতটা সম্ভব বেশি পরিমাণে বিশদ তথ্য দেওয়া জরুরি।

আপনি মৃত ব্যক্তির পরিচয় জ্ঞাপক তথ্য প্রদান করতে না পারলে, আমরা সহযোগিতা করতে পারি। মৃত্যুর সার্টিফিকেট ইতিমধ্যে জারি করা হয়ে থাকলে, সেটি মৃত ব্যক্তির কিছু পরিচয় জ্ঞাপক তথ্য প্রদানের জন্য ব্যবহার করা যেতে পারে।

### ■ বিভাগ C

অন্ত্যেষ্টিক্রিয়ার খরচ পূরণ করার আর্থিক সম্পদ মৃত ব্যক্তির ছিল কিনা তা নির্ধারণের জন্য, আপনার সর্বোচ্চ ক্ষমতা দিয়ে মৃত ব্যক্তির আর্থিক সংস্থান, কর্মসংস্থান এবং সরকারি ভাতাগুলির রসিদের বিশদ তথ্য প্রদানের চেষ্টা করুন। আপনি এই তথ্য প্রদান করতে না পারলে, আমরা সহযোগিতা করতে পারি।

### ■ বিভাগ D এবং E

মৃত ব্যক্তির কোনো উইল বা এস্টেট থাকলে বা প্রতিনিধির ( Surrogate ) কার্যকলাপ অথবা ইচ্ছাপত্রের প্রমাণীকরণ ( Probate ) আদালতে মূলতুবি থাকলে, যে ব্যক্তি সেই সমস্ত বিষয়ের জন্য দায়বদ্ধ তার যোগাযোগের তথ্য প্রদান করতে হবে। আমাদের অফিস তাদের সমাধির খরচ দান করার বা পরিশোধ করার জন্য অনুরোধ করতে পারে যদি তারা মৃত ব্যক্তির সম্পত্তি নিয়ন্ত্রণ করেন।

মৃত ব্যক্তির মৃত্যুর সময় এমন কোনো সম্পত্তি বা নগদ অর্থ তার অধিকারে থাকলে অথবা উপলব্ধ হলে সেটি শেষকৃত্যের উদ্দেশ্যে (সমাধি, শবদাহ এবং শবদাহের চিতাভস্মের সমাধি) ব্যবহৃত হবে। কিছু ক্ষেত্রে, এই সম্পত্তির অধিকারের জন্য আদালতে যাওয়ার প্রয়োজন হয়। অনুগ্রহ করে আমাদের জানান, যাতে আমরা আপনাকে উপযুক্ত রেফারেল দিয়ে সহযোগিতা করতে পারি।

বিভাগ E-তে অনুগ্রহ করে মৃত ব্যক্তির সমস্ত সম্পদ/সম্পত্তি বা ব্যক্তিগত সম্পত্তি বিষয়ক তথ্যের একটি তালিকা করুন।

(পরের পৃষ্ঠায় যান)

## বিভাগ F

আপনি পরবর্তী বিভাগে বর্ণিত আইনিভাবে দায়বদ্ধ আত্মীয় না হলে, আবেদনকারী হিসাবে, আপনাকে আপনার আর্থিক তথ্য প্রদান করতে হবে না। আপনার তথ্য প্রদান করুন এবং মৃত ব্যক্তির সঙ্গে আপনার সম্পর্ক চিহ্নিত করুন।

বিভাগ F-তে আপনার এবং মৃত ব্যক্তির মধ্যে কী সম্পর্ক তার প্রাথমিক তথ্য জানতে চাওয়া হয়েছে। অতিরিক্ত তথ্য চাওয়া হতে পারে।

## বিভাগ G

আইনত দায়বদ্ধ আত্মীয় (Legally Responsible Relative, LRR) হলেন একজন ব্যক্তি যিনি আইনত মৃত ব্যক্তির সঙ্গে বিবাহিত বা একুশ (21) বছর বয়সী কোনো মৃত ব্যক্তির পিতা-মাতা বা আইনি অভিভাবক। এই LRR-কে মৃত্যুর সময় একই পরিবারে মৃত ব্যক্তির সঙ্গে থাকতে হবে। একজন LRR মৃত ব্যক্তির শেষকৃত্যের খরচ দেওয়ার জন্য দায়বদ্ধ।

সেই LRR অন্ত্যেষ্টিক্রিয়ার খরচ দিতে না পারলে, তাদের আর্থিক সংস্পদের ঘাটতির প্রমাণ LRR-কে দিতে হবে।

## বিভাগ H

অনুগ্রহ করে শেষকৃত্যের খরচের বিশদ তথ্য প্রদান করুন (সমাধি, শবদাহ, শবদাহের চিতাভস্মের সমাধি সমেত)। অনুগ্রহ করে আপনার গ্রহণ করা যেকোনো বিল বা ইনভয়েসের একটি অনুলিপি প্রদান করুন।

## আবেদনপত্রটি সম্পূর্ণ করুন

আবেদনপত্রেক একদম শেষে আবেদনকারীকে স্বাক্ষর করে আবেদনের তারিখ দিতে হবে।

আবেদনকারী নিজের হয়ে অন্য কাউকে দিয়ে আবেদন করাবেন বলে ঠিক করলে, সেই ব্যক্তিকে আবেদনপত্রটি সম্পূর্ণ করার অনুমতি দিয়ে আবেদনকারীকে একটি বিবৃতি দিতে হবে। বিবৃতিতে তারিখ, আবেদনকারীর নাম, ঠিকানা, টেলিফোন এবং ইমেল ঠিকানা দিতে হবে এবং বলতে হবে যে ব্যক্তিকে তিনি নির্বাচন করেছেন তার কাছে এই আবেদনপত্রটি সম্পূর্ণ করার এবং জমা দেওয়ার অধিকার আছে। তথ্য যাচাই করার জন্য একজন OBS কর্মীসদস্য আবেদনকারীর সঙ্গে যোগাযোগ করবেন। একজন নোটারি পাবলিক বা ডিড কমিশনারের সামনে অনুমোদিত প্রতিনিধিকে আবেদনপত্রটি স্বাক্ষর করতে হবে।